

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি



সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি'র ২০২৩-২৪ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	কেয়া খান অতিরিক্ত সচিব
সভার তারিখ	১১/০৯/২০২৩ তারিখ
সভার সময়	১০:৩০
স্থান	প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগের সম্মেলন কক্ষে
উপস্থিতি	সংযোজনী-'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব জনাব মো. সাব্বির বিশ্বাস গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেনঃ

ক্র. ন.	গত সভার সিদ্ধান্ত	গত সভার সিদ্ধান্তের অগ্রগতি	অগ্রগতির হার
১	সিটিজেন চার্টারের (নাগরিক) সেবাগুলো প্রতিটি ভবনের নিচে প্রদর্শনের জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	১০০%
২	উইং ভিত্তিক কর্মকর্তাদের নাম, ব্লক এবং রুম নাম্বারের লিস্ট ভবনের নিচে প্রদর্শনের জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	১০০%
৩	সিটিজেন চার্টারের প্রাতিষ্ঠানিক সেবার ৯ নং সেবা 'প্রকল্প সংশ্লিষ্ট বিদেশী পরামর্শক, বিশেষজ্ঞ ও কর্মকর্তাদেরর ভিসা ও নিরাপত্তা ছাড়পত্রের ব্যবস্থা করা' বিষয়টি সমন্বয় ৫ অধিশাখার দায়িত্ব হিসেবে বহাল থাকবে।	বহাল রাখা হয়েছে।	১০০%
৪	সিটিজেন চার্টারের নাগরিক সেবার ৬ নং সেবা 'অনিবাসী বাংলাদেশীদের জাতীয় উন্নয়নে সম্পৃক্তকরণের লক্ষ্যে গঠিত টাঙ্কফোর্সের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম প্রহন ও বাস্তবায়ন' বিয়োজনের চূড়ান্ত অনুমোদনের জন্য সচিব মহোদয় বরাবর নথি উপস্থাপন করতে হবে।	সচিব মহোদয়ের অনুমতি নিয়ে তা বাস্তবায়ন করা হয়েছে।	১০০%

২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. ন.	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১	সিটিজেন চার্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি গঠনের জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগকে পত্র প্রেরণ করতে হবে।	জনাব মো. সাব্বির বিশ্বাস, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ইআরডি

২	সিটিজেন চার্টারের অভ্যন্তরীণ সেবার ৩ ও ৪ নং দায়িত্ব অধিশাখাভিত্তিক না রেখে শাখাভিত্তিক দায়িত্ব প্রদান করতে হবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ইআরডি
৩	উন্নয়ন সহযোগীদের সংগে অংশীজন সভা আয়োজন করতে হবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ইআরডি
৪	সিটিজেন চার্টার বিষয়ক কর্মশালা আয়োজন করতে হবে।	জনাব মুহম্মদ কামরুজ্জামান, উপসচিব, বাজেট ব্যবস্থাপনা শাখা, ইআরডি।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।



কেয়া খান
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫২.১৮.০০১.২৩.৫৩

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০

১৩ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) সকল সম্মানিত সদস্য, সিটিজেনস চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
- ৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ৩: প্রশাসন ও মধ্যপ্রাচ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ



মোঃ সাক্বির বিশ্বাস
সিনিয়র সিস্টেম এনালিস্ট